# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮২১

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সুদ

## আরবী

وَعَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ مُرْسَلًا: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نهى عَن بَيْعِ اللَّحْمِ بِالْحَيَوَانِ قَالَ سَعِيدٌ: كَانَ مِنْ مَيْسِرِ أَهْلِ الْجَاهِلِيَّةِ. رَوَاهُ فِي شَرْحِ السُّنَّةِ

## বাংলা

২৮২১-[১৫] সা’ঈদ ইবনু মুসাইয়্যাব (রহঃ) হতে মুরসালরূপে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোনো প্রাণীর বিনিময়ে মাংস/গোশত বিক্রি করতে নিষেধ করেছেন। বর্ণনাকারী সা’ঈদ বলেন, জাহিলিয়্যাতের যুগে এক প্রকার জুয়ার প্রচলন ছিল। তখন ঐভাবে ক্রয়-বিক্রয় হতো। (শারহুস্ সুন্নাহ্)[1]

## ফুটনোট

[1] হাসান : ইরওয়া ১৩৫১, সহীহ আল জামি‘ ৬৯৩৬, শারহুস্ সুন্নাহ্ ২০৬৬, মালিক ১৩৯৬। এ সানাদটি মুরসাল হওয়ায় যদিও দুর্বল, কিন্তু এর অনেকগুলো শাহিদ থাকায় তা হাসান-এর স্তরে উন্নীত হয়েছে।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (نَهٰى عَنْ بَيْعِ اللَّحْمِ بِالْحَيَوَانِ) ‘‘প্রাণীর বিনিময়ে গোশ্ত/গোশত বিক্রয় করতে নিষেধ করেছেন’’।

‘আল্লামা ত্বীবী (রহঃ) বলেনঃ অত্র হাদীস প্রমাণ করে যে, প্রাণীর বিনিময়ে গোশ্ত/গোশত বিক্রয় করা হারাম। তা একই জাতীয় প্রাণীর গোশ্ত/গোশত হোক অথবা ভিন্ন জাতীয় প্রাণীর গোশ্ত/গোশত হোক। ঐ প্রাণীর গোশ্ত/গোশত খাওয়া বৈধ হোক অথবা না হোক। ইমাম শাফি‘ঈ ঐ মতের প্রবক্তা।

পক্ষান্তরে ইমাম আবূ হানীফাহ্ (রহঃ)-এর মতে প্রাণীর বিনিময়ে গোশ্ত/গোশত বিক্রয় করা বৈধ। তাঁর মতে অত্র হাদীসের নিষেধ দ্বারা বাকীতে বিক্রয় উদ্দেশ্য। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68148

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন